

## পরীক্ষা

# এসএসসি পরীক্ষা উপলক্ষে আজ থেকে কোচিং সেন্টার বন্ধ

বিশেষ প্রতিবেদক ঢাকা



এ বছরের এসএসসি পরীক্ষা উপলক্ষে আজ থেকে কোচিং সেন্টার বন্ধ থাকবে ফাইল ছবি

৩০ এপ্রিল শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা। এই পরীক্ষা উপলক্ষে ২৬ এপ্রিল থেকে ২৩ মে পর্যন্ত দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে বলে ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। এসএসসির লিখিত পরীক্ষা শেষ হবে ২৩ মে।

গতকাল মঙ্গলবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ পরীক্ষা উপলক্ষে অনুষ্ঠিত আইনশৃঙ্খলাবিষয়ক সভা শেষে সাংবাদিকদের ব্রিফিং করার সময় শিক্ষামন্ত্রী কোচিং বন্ধের এই ঘোষণা দেন।

এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানান শিক্ষামন্ত্রী। তিনি বলেন, পরীক্ষার আধঘণ্টা আগে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ করতে হবে। যেদিন যে বিষয়ের পরীক্ষা থাকবে, সেদিন ওই বিষয়ের

প্রশ্নপত্রে পরীক্ষা হবে। পরীক্ষার হলে কেন্দ্র সচিব কেবল সাধারণ মানের মোবাইল ফোন (বেসিক ফোন) ব্যবহার করতে পারবেন। এর বাইরে কেউ (সচিব ছাড়া) তা করতে পারবেন না। এটি কোনো কেন্দ্রে করা হলে কেন্দ্র বাতিল এবং এমপিওভুক্ত শিক্ষক হলে তাঁদের এমপিও বাতিল করতে বাধ্য হবেন বলে হুশিয়ারি দেন শিক্ষামন্ত্রী।

ছবি : বাসস

---

প্রতিবন্ধী পরীক্ষার্থীদের জন্য প্রতিবারের মতো বাড়তি সময় রাখাসহ কিছু বিশেষ পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানান শিক্ষামন্ত্রী। এ সময় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরীসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।



 **prothomalo.com**

---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো